# গেল ১৬ জনের

আকাশে কালো মেঘ ঘনিয়ে আসে। তারপর তুমুল বৃষ্টি শুরু হয়। ঘন ঘন বাজ পড়তে থাকে। বৃষ্টির মধ্যেই ধান রোয়ার কাজ শেষ করতে চেয়েছিলেন ছেলে–বাবা এবং কপিল নামে ওই যুবক। দীর্ঘ প্রতীক্ষার পর বৃষ্টি হওয়ায় সকলে আনন্দে মাঠে কাজ করছিলেন। বজ্রপাতে আহত হন বাবা ও ছেলে। তাঁদের উদ্ধার করে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে গেলে দু'জনকেই মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক। এরপরই পরশমণি গ্রামেও বজ্রপাতে মারা যান কপিল। তাঁকেও হাসপাতালে নিয়ে গেলে মৃত বলে ঘোষণা করা হয়।

ঝাড়গ্রাম জেলায় মারা গেছেন দুই মহিলা–সহ ৩ জন। এদিন বেলা ১১টা থেকে দুপুর ১টার মধ্যে এই ঘটনা ঘটে জেলার লালগড় ও বেলিয়াবেড়া থানা এলাকায়। লালগড়ের ভাঙাডালিতে মাঠে ধান লাগানোর কাজ করছিলেন নিলীমা শবর (৩১)। বাজের আঘাতে ঝলসে যান নীলিমা। লালগড় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসার পথে মারা যান তিনি। বেলিয়াবেড়ার গোয়ালমারার কাছে মৃত্যু হয় ২ জনের। মৃতেরা জীতেন সিং (৩৩) ও কুনকি দোলাই (২৫)। জীতেনের বাড়ি বনকাটি গ্রামে এবং কুনকির বাড়ি একই থানা এলাকার সোনাকাদা গ্রামে। সন্দেহ করা হচ্ছে তাঁরা বৃষ্টির হাত থেকে বাঁচতে বাঁশ বাগানে আশ্রয় নিয়েছিলেন। সেই সময় বাজ পড়ে। ঘটনাস্থলেই দু'জনে মারা যান। হুগলির পাণ্ডুয়ার বেলুন ধামাসিন গ্রাম পঞ্চায়েতের চন্দ্রহাটিতে বাজ পড়ে মৃত্যু হল এক যুবকের। নাম মহাদেব বাউল দাস (২৮)। সোমবার সকালে মাঠে কাজ করার সময় তিনি বজ্রাহত হন। স্থানীয় মানুষ উদ্ধার করে পাণ্ডুয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে তাঁকে মৃত বলে ঘোষণা করেন চিকিৎসক।

*তথ্যসূত্র: দীপেন গুপ্ত, গৌতম চক্রবর্তী, সোমনাথ নন্দী ও মিল্টন সেন*

# কিডনি দেওয়ার নামে প্রতারণা

আবির রায়

দুর্গাপুর, ১২ আগস্ট

দুর্গাপুরের শ্যামপুর এলাকায় এক অসুস্থ মহিলাকে কিডনি দেওয়ার নামে তাঁর কাছ থেকে ২ লক্ষ ৬০ হাজার টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠল এক পুরুষ ও মহিলার বিরুদ্ধে। শ্যামপুরের বাসিন্দা রঘুনাথ মণ্ডলের স্ত্রী অসীমা মণ্ডল নামে ওই অসুস্থ মহিলা বিষয়টি নিয়ে পুলিশের কাছে অভিযোগ জানান। অভিযোগ পেয়েই কোকওভেন থানার পুলিশ তদন্তে নেমে দু'জনকে গ্রেপ্তার করে। ধৃতদের একজন অভিযুক্ত রনি ওরফে তথাগত সিংহ রায়। সে ও তার মহিলা সঙ্গী নিজেদের দম্পতি বলে মহিলার কাছে পরিচয় দিয়েছিল। কিন্তু তারা দম্পতি নয় বলে পুলিশ তদন্তে জানতে পেরেছে। দু'জনকে দুর্গাপুর আদালতে তোলা হলে অভিযুক্তকে ১০ দিনের জন্য পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। যদিও তার মহিলা সঙ্গীকে পুলিস ছেড়ে দেয়। পুলিস সূত্রে জানা যায়, অসীমাদেবীর কিডনির অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসকরা তাঁর কিডনি প্রতিস্থাপন করার পরামর্শ দেন। তার পরেই তাঁর যোগাযোগ হয় রনির সঙ্গে।

ফর্ম এ
প্রকাশ্য ঘোষণা
ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি বোর্ড অফ ইন্ডিয়া
(ইনসলভেন্সি রিজোলিউশন প্রসেস কর্পোরেট পার্সনস–এর জন্য রেগুলেশন ৬ অনুযায়ী) রেগুলেশনস, ২০১৬
মেঃ গেনা ফার্মাসিউটিক্যালস লিমিটেড–এর উত্তমর্ণবর্গের অবগতির উদ্দেশ্যে

| প্রাসঙ্গিক বিবরণ | | |
|---|---|---|
| ১. | কর্পোরেট ডেটরের নাম | গেনা ফার্মাসিউটিক্যালস লিমিটেড |
| ২. | কর্পোরেট ডেটরের সমিতিবদ্ধ হওয়ার তারিখ | ১১.০৫.২০০৪ |
| ৩. | যে কর্তৃপক্ষের অধীনে কর্পোরেট ডেটর সমিতিবদ্ধ/রেজিস্টার্ড হয়েছে | আরওসি, কলকাতা |
| ৪. | কর্পোরেট ঋণগ্রহীতার কর্পোরেট আইডেন্টিটি নাম্বার/লিমিটেড লায়বিলিটি আইডেন্টিফিকেশন নাম্বার | U24239WB2004PLC098504 |
| ৫. | কর্পোরেট ডেটরের রেজিস্টার্ড অফিস এবং মুখ্য অফিস (যদি থাকে)–এর ঠিকানা কলকাতা–৭০০১২৮, পরগনা নর্থ, পঃ বঃ | রেজিস্টার্ড অফিস: ৭/২/১, ঠাকুরপুকুর (এন/ডব্লু) রোড, থানা– বারাসত, |
| ৬. | কর্পোরেট ডেটরের ক্ষেত্রে ইনসলভেন্সি শুরুর তারিখ | আদেশের তারিখ: ০৯.০৮.২০১৯<br>আইআরপি–কে জানানোর তারিখ: ১০.০৮.২০১৯ |
| ৭. | ইনসলভেন্সি রিজোলিউশন প্রসেস বন্ধ হওয়ার অনুমিত তারিখ | ০৪/০২/২০২০, কর্পোরেট ইনসলভেন্সি রিজোলিউশন প্রসেস শুরুর তারিখ থেকে ১৮০ দিন |
| ৮. | ইন্টেরিম রিজোলিউশন পেশাদার হিসেবে কর্মরত ইনসলভেন্সি পেশাদার–এর নাম এবং রেজিস্ট্রেশন নম্বর | মিঃ অনুপ কুমার সিং<br>রেজিস্ট্রেশন নম্বর:<br>IBBI/IPA-001/IP-P00153/2017-2018/10322 |
| ৯. | বোর্ডে নথিভুক্ত ইন্টেরিম রিজোলিউশন পেশাদার–এর ঠিকানা এবং ই–মেল | ঠিকানা:১৬২/ডি/৭০২ লেক গার্ডেন্স, কলকাতা– ৭০০০৪৫, পঃ বঃ ই–মেল: anup_singh@sumedhamanagement.com |
| ১০. | ইন্টেরিম রিজোলিউশন পেশাদার–এর সঙ্গে যোগাযোগের জন্য ব্যবহার্য ঠিকানা এবং ই–মেল | সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাঃ লিঃ<br>১১/১ শরৎ বোস রোড, আইডিয়া প্লাজা,<br>সাউথ ব্লক, ৪র্থ তল, রুম নং– ৪০৫, কলকাতা– ৭০০০৪৫<br>ই–মেল: ip.genapharma@gmail.com |
| ১১. | দাবিসমূহ জমার শেষ তারিখ | ২৩/০৮/২০১৯ |
| ১২. | ইন্টেরিম রেজোলিউশন পেশাদার কর্তৃক নির্ধারিত ২১ ধারার ৬–এ উপধারার ক্লজ (বি)–এর অধীনে উত্তমর্ণদের শ্রেণীসমূহ | আইআরপি–র কাছে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রযোজ্য নয় |
| ১৩. | একটি শ্রেণীতে উত্তমর্ণদের অনুমোদিত প্রতিনিধি হিসাবে কাজ করার জন্য নির্ধারিত ২১ ধারার ৬–এ উপধারার চিহ্নিত ইনসলভেন্সি পেশাদারের নাম | আইআরপি–র কাছে প্রাপ্ত তথ্য অনুযায়ী<br>প্রযোজ্য নয় |
| ১৪. | (ক) প্রাসঙ্গিক ফর্ম, এবং<br>(খ) অনুমোদিত প্রতিনিধিদের বিবরণ | ক) ওয়েব লিঙ্ক: https://www.ibbi.gov.in/home/downloads<br>ঠিকানা:সুমেধা ম্যানেজমেন্ট সলিউশনস প্রাঃ লিঃ<br>১১/১, শরৎ বোস রোড, আইডিয়া প্লাজা,<br>সাউথ ব্লক, ৪র্থ তল, রুম নং– ৪০৫, কলকাতা–৭০০০৪৫<br>ই–মেল:ip.genapharma@gmail.com |

এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল গেনা ফার্মাসিউটিক্যালস লিমিটেড ইনসলভেন্সি রিজোলিউশন প্রক্রিয়া শুরুর আদেশ জারি করেছে ০৯.০৮.২০১৯–তে।
গেনা ফার্মাসিউটিক্যালস লিমিটেডের উত্তমর্ণগণকে এতদ্দ্বারা তাঁদের দাবি ২৩.০৮.২০১৯ ক্রম নং ১০–এ উল্লেখিত ঠিকানায় ইন্টেরিম রিজোলিউশন পেশাদারকে জানাতে হবে প্রমাণসহ। আর্থিক উত্তমর্ণগণ তাঁদের দাবি প্রমাণসহ দেবেন কেবল বৈদ্যুতিন মাধ্যমে। বাকি সব উত্তমর্ণগণ ব্যক্তিগতভাবে, ডাকযোগে বা বৈদ্যুতিন মাধ্যমে দাবি সহ প্রমাণ দিতে পারেন।
একজন আর্থিক উত্তমর্ণ, যিনি ক্রম নং ১২–তে তালিকাভুক্ত একটি শ্রেণীভুক্ত তার অনুমোদিত প্রতিনিধির পছন্দ জানাবেন তিনজন ইনসলভেন্সি পেশাদারদের মধ্যে যা ১৩ নং ক্রমে তালিকাভুক্ত তাঁদের থেকে যিনি শ্রেণীর অনুমোদিত প্রতিনিধি হিসেবে কাজ করবেন শ্রেণী উল্লেখ করুন।
ফর্ম সিএ–তে মিথ্যা ও বিভ্রান্তিকর দাবির প্রমাণ জরিমানাযোগ্য।

তারিখ ও স্থান: ১৩.০৮.২০১৯, কলকাতা

স্বাঃ
অনুপ কুমার সিং
ইন্টেরিম রিজোলিউশন প্রফেশনাল

# ভুয়ো জাতি শংসাপত্র দিয়ে সুবিধা নেওয়ার অভিযোগ

আজকালের প্রতিবেদন

রামনগর, ১২ আগস্ট

বাবা, কাকা সকলেই জেনারেল কাস্টের অন্তর্ভুক্ত। অথচ তাঁদের ছেলেমেয়েরা পাচ্ছিলেন তফশিলি উপজাতিভুক্তদের সুযোগ–সুবিধা। তাও ভুয়ো জাতিগত শংসাপত্র দেখিয়ে। এই ঘটনা জানাজানি হতেই অভিযুক্তদের বিরুদ্ধে প্রশাসনের কাছে নালিশ জানিয়ে ছিলেন গ্রামবাসীরা। আর গ্রামবাসীদের কাছ থেকে অভিযোগ পেয়েই ঘটনার তদন্তে নেমে চোখ কপালে উঠেছে প্রশাসনিক কর্তাদের। ঘটনাটি ঘটেছে রামনগর ১ ব্লকের হলদিয়া ১ পঞ্চায়েতের খয়রান্ডা এলাকার। স্থানীয় বাসিন্দা প্রাথমিক স্কুলের

# পা পিছলে বিদ্যুতের তারে

আজকালের প্রতিবেদন

পটাশপুর, ১২ আগস্ট

সোমবার দুপুর নাগাদ পটাশপুরের পাঁচুড়িয়া বাসস্ট্যান্ডের কাছে ট্রাকে ধান বোঝাই করার সময় আচমকা পা পিছলে বিদ্যুৎবাহী তারের ওপর পড়ে যান এক যুবক। বিদ্যুৎস্পৃষ্ট হলে ওই যুবককে স্থানীয়রা উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে ভর্তি করেন। পরে অবস্থার অবনতি হলে তাঁকে কলকাতায় নিয়ে যাওয়া হয়। যুবকের নাম জানা যায়নি। তবে তিনি দক্ষিণ ২৪ পরগনার বাসিন্দা বলে জানা গেছে।

**Consumer Dispute Redressal Forum, Kolkata, Unit III at Alipore**
**Consumer Case No. 246/2019**

Sri Basudev Nandy S/o Lt. Nirmal Kumar Nandy, 28G, Jheel Road, PS : Garfa, Kolkata - 75. ........**Petitioner**

-Vs-

1. M/s SHELTER, a proprietorship firm, represented by its proprietor Sri ASISH BAL, S/o Lt. Sukumar Bal, having its place of business and residence at 7/6, Poddar Nagar, PS Jadavpur, Kolkata - 68. ....**Opposite Party**

**NOTICE**